

# যুগান্তর

## শিক্ষা-সেবা-গবেষণায় প্রাধান্য দেবে বিএসএমএমইউ: নতুন উপাচার্য

👤 যুগান্তর প্রতিবেদন

🕒 ১৫ মার্চ ২০২৪, ২২:৫২:৫৬ | [অনলাইন সংস্করণ](#)



বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের (বিএসএমএমইউ) নবনিযুক্ত উপাচার্য অধ্যাপক ডা. দীন মো. নূরুল হক বলেছেন, বিএসএমএমইউ'র কাছে দেশের রোগীসহ মানুষের প্রত্যাশা অনেক বেশি। সেটি পূরণে সর্বশক্তি নিয়োগ করব। এ লক্ষ্যে প্রতিষ্ঠানটির চিকিৎসা শিক্ষা, চিকিৎসা সেবা ও গবেষণা তিন বিষয়েই প্রাধান্য দেওয়া হবে।

বিএসএমএমইউ'র নতুন উপাচার্য হিসাবে নিয়োগ পাওয়ার পর শুক্রবার ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে এবং পরে বনানী কবরস্থানে বঙ্গবন্ধুর পরিবারের শহিদ সদস্যদের প্রতি শ্রদ্ধাঞ্জলি নিবেদনকালে তিনি এসব কথা বলেন।

নতুন উপাচার্য বলেন, এই বিশ্ববিদ্যালয়ে রয়েছে মালটিডিসিপ্লিনারি চিকিৎসার সুযোগ। এর সঙ্গে যুক্ত হয়েছে সুপার স্পেশালিটি। বিশ্ববিদ্যালয়ের বিশাল চিকিৎসক বাহিনীকে কাজে লাগিয়ে সব ধরনের চিকিৎসার সুযোগ নিশ্চিত করা হবে। কোনো রোগী যেন প্রতারণিত না হয়, চিকিৎসাসেবা বঞ্চিত না হয় সেদিকে বিশেষ গুরুত্ব দেওয়া হবে।

বিএসএমএমইউর বর্তমান উপাচার্য অধ্যাপক ডা. মো. শারফুদ্দিন আহমেদের মেয়াদ শেষ হবে আগামী ২৮ মার্চ। এরপর অধ্যাপক ডা. দীন মো. নূরুল হক উপাচার্য হিসাবে দায়িত্বভার গ্রহণ করবেন। স্বাস্থ্য অধিদপ্তরের সাবেক মহাপরিচালক নবনিযুক্ত উপাচার্য অধ্যাপক ডা. দীন মো. নূরুল হককে ১১ মার্চ রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়ের আচার্য আগামী ৪ বছরের জন্য বিএসএমএমইউর উপাচার্য হিসাবে নিয়োগ দেন।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2024

